

স্মারক নং- ২৭০/এনআইএনএস/প্রশাঃ/নিয়োগ-২০২০ সংক্রান্ত নথি/২০২০-২১/

তারিখঃ /১২/২০২০খ্রিঃ।

## নিয়োগ পত্র

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল, শের-ই-বাংলা নগর” ঢাকা এর অস্থায়ী রাজস্ব খাতভুক্ত ১১তম গ্রেডের নিম্নে বর্ণিত শূন্য পদে ২৭/১১/২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশের প্রেক্ষিতে তাহার/তাহাদের নামের পার্শ্বে উল্লেখিত পদে ও বেতন স্কেলে নিম্নোক্ত শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হইল।

ক্রমিক নং	রোল নং (মেধাক্রমানুসারে)	নিয়োগপ্রাপ্ত ব্যক্তির নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম	জাতীয় বেতন স্কেল - ২০১৫
১।	০২০	মোঃ আব্দুল জিহাদ পিতার নাম-মোঃ আব্দুল ওয়াহেদ মাতার নাম-মোছাঃ জামেনা খাতুন	গ্রামঃ সোবাদাঁইড় ডাকঘরঃ পাইকেরদোল থানাঃ নাটোর সদর জেলাঃ নাটোর।	ফার্মাসিস্ট	টাঃ ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১)
২।	০২৫	শাহাদাত হোসেন পিতার নাম-মোঃ আব্দুল হামিদ মাতার নাম-লাইলী খাতুন	গ্রামঃ মাখাইল চাপড় ডাকঘরঃ মাখাইল চাপড় থানাঃ কাজিপুর জেলাঃ সিরাজগঞ্জ	ফার্মাসিস্ট	টাঃ ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১)
৩।	০৫৬	মাহমুদুর রহমান পিতার নাম-মোঃ নাজমুল হক মাতার নাম-মোসাঃ আয়েশা খাতুন	গ্রামঃ শিরোইল কলোনী (পশ্চিমপাড়া) ডাকঘরঃ ষোড়ামারা থানাঃ বোয়ালিয়া জেলাঃ রাজশাহী।	ফার্মাসিস্ট	টাঃ ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১)

২। নিয়োগ প্রাপ্ত প্রার্থীদেরকে আগামী ৩১/১২/২০২০খ্রিঃ তারিখ (বৃহস্পতিবার) অফিস চলাকালীন সময়ে (সকাল ৮:০০টা হইতে দুপুর ২:৩০ ঘটিকা পর্যন্ত) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগদান করিতে হইবে। উল্লেখিত তারিখ ও সময়ে যোগদানে ব্যর্থ হইলে নিয়োগ পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

### শর্তাবলী :

ক) এই নিয়োগ উক্ত পদে যোগদানের তারিখ হইতে কার্যকর হইবে।

খ) চাকুরীতে যোগদানকালে তাহাকে সিভিল সার্জন/কনসালটেন্ট/সহকারী অধ্যাপক অথবা তদুর্ধ্ব পদ মর্যাদার চিকিৎসক কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র দাখিল করিতে হইবে। স্বাস্থ্যগত সনদপত্রে পাঁচ আঙ্গুলের ছাপ, রক্তের গ্রুপ, উচ্চতা, দৃষ্টি শক্তি এবং আনুষ্ঠানিক বিষয় উল্লেখ থাকিতে হইবে।

গ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে এই পদে যোগদানকালে তাহাকে/তাহাদেরকে বর্তমান কর্তৃপক্ষ হইতে অব্যাহতি পত্র আনিতে হইবে।

ঘ) বিভিন্ন সময়ে জারীকৃত সরকারী আদেশ অনুযায়ী তাহার/তাহাদের চাকুরী নিয়ন্ত্রিত হইবে।

ঙ) চাকুরী হইতে ইস্তফা প্রদান করিতে চাইলে ০১ (এক) মাস পূর্বে তাহাকে/তাহাদেরকে কর্তৃপক্ষের বরাবরে আবেদন করিতে হইবে। অন্যথায় ০১ (এক) মাসের বেতন সমর্পণ করিতে হইবে।

চ) নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী যদি কোন তথ্য/কাগজপত্র ভুল প্রমাণিত হয় তাহলে তাহাকে/তাহাদেরকে চাকুরীচ্যুত করা হইবে।

ছ) এই চাকুরীতে যোগদানের জন্য তাহাকে/তাহাদেরকে কোন প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হইবে না।

জ) বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তির সহিত বৈবাহিক সূত্রে আবদ্ধ হইতে প্রতিজ্ঞাবদ্ধ হইলে চাকুরীর জন্য অযোগ্য হিসাবে গণ্য হইবেন। চাকুরীতে নিয়োজিত হওয়ার পর কোন বিদেশী নাগরিকের সহিত বৈবাহিক সূত্রে আবদ্ধ হইতে হইলে উহার পূর্বেই সরকারের অনুমতি গ্রহণ করিতে হইবে।

ঝ) তাহার/তাহাদের চরিত্র ও অতীত কার্যকলাপের উপর পুলিশি তদন্ত রিপোর্ট না পাওয়া পর্যন্ত এই নিয়োগ আদেশ সাময়িক বলিয়া গণ্য করা হইবে এবং রিপোর্ট সন্তোষজনক না হইলে নিয়োগ আদেশ বাতিল বলিয়া পরিগণিত হইবে।


ঞ) চাকুরীতে নিয়োজিত থাকাকালে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকুরীর জন্য আবেদন করা যাইবে না অথবা কোন শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা চালাইয়া যাইতে পারিবেন না।



ট) চাকুরীতে যোগদানের সময় নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই জমা দিতে হইবে।

- ১) শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সার্টিফিকেটের মূল কপি।
- ২) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- ৩) যে কোন সরকারী প্রতিষ্ঠান হইতে গৃহীত ডোপটেষ্টের রিপোর্ট।

৩। অত্র প্রতিষ্ঠানের পরিচালক যোগদানকারী কর্মচারীগণের নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হইবেন এবং ভবিষ্যতে তাহার/তাহাদের চাকুরী সংক্রান্ত বিষয়ে কার্যক্রম গ্রহন করিবেন।



(অধ্যাপক ডাঃ কাজী দীন মোহাম্মদ)

পরিচালক

ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল

ফোন : ০২-৪৮১১৮৮১১।

স্মারক নং- ২৭০/এনআইএনএস/প্রশাঃ/নিয়োগ-২০২০ সংক্রান্ত নথি/২০২০-২১/ ২৪২০

তারিখঃ ২৭/১২/২০২০খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
২. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
৩. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. যুগ্ম-পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল, ঢাকা।
৫. উপ-পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল, ঢাকা।
৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭. সহকারী পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল, ঢাকা।
৮. প্রশাসনিক কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল, ঢাকা।
৯. হিসাবরক্ষক, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল, ঢাকা।
১০. জনাব/ জনাবা, .....।
১১. অফিস কপি।



(অধ্যাপক ডাঃ কাজী দীন মোহাম্মদ)

পরিচালক

ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল।



